

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪২.০১৪.৪৯.০১.০৫৩.২০১২. ১১৫৭

তারিখঃ ১০/৫/২০১৬।

বিষয়ঃ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন পরিচালিত “ডিসি ইকোপার্ক” এর দেয়াল নির্মাণ সংক্রান্ত।

সূত্রঃ উপানুষ্ঠানিক পত্র নং- ০৪.০০.০০০০.০০১.১২.০০২.১৬.৪৮ তারিখঃ ১৩/০৩/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম গত ২৫-২৭ ফেব্রুয়ারি তারিখে খুলনা বিভাগের যশোর, কুষ্টিয়া, মেহেরপুর এবং চুয়াডাঙ্গা জেলা সফরের অংশ হিসেবে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন পরিচালিত ‘ডিসি ইকোপার্ক’ পরিদর্শন করেন। ইকোপার্কটি ৪৬ একর সরকারি জমিতে অবস্থিত। এখানে প্রায় ৬৪ প্রজাতির বিভিন্ন প্রকারের বৃক্ষ এবং পশুপাখির অবস্থান রয়েছে। প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক পর্যটক পার্কটি পরিদর্শন করে। পার্কটিতে কোন দেয়াল না থাকায় ইকোপার্কের জীববৈচিত্র্য ও সরকারি জমি রক্ষণাবেক্ষণ বিঘ্নিত হচ্ছে। এ প্রেক্ষিতে ইকোপার্কটিতে একটি দেয়াল নির্মাণ করার জন্য মন্ত্রিপরিষদ সচিব মহোদয় স্থানীয় সরকার বিভাগের দৃষ্টি আকর্ষণ করেছেন।

২। এমতাবস্থায়, চুয়াডাঙ্গা জেলা প্রশাসন পরিচালিত ‘ডিসি ইকোপার্ক’ টিতে একটি দেয়াল নির্মাণের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।

(জুবাইদা মাসমীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক জেলা পরিষদ, চুয়াডাঙ্গা।
- ৩। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।